গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
www.sundarganj.gaibandha.gov.bd

নম্বর : ০৫.৫৫.৩২৩০.০০২.০২.০০২.২৬.২৮

তারিখ: ২১ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৫ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

## ২০ (বিশ) একর পর্যন্ত বদ্ধ খাস জলাশয়সমূহের ১৪৩৩- ১৪৩৫ বাংলা সনের ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সুন্দরগঞ্জ উপজেলাধীন সকল নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতিকে জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ অনুযায়ী গাইবান্ধা জেলাধীন সুন্দরগঞ্জ উপজেলার ২০ (বিশ) একর পর্যন্ত ০৯ (নয়) টি বদ্ধ খাস জলমহালের ১৪৩৩ বাংলা সনের ১লা বৈশাখ হতে ১৪৩৫ বাংলা সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের জন্য নির্ধারিত ফরমে দরপত্র সিডিউলের মাধ্যমে বিজ্ঞপ্তির তথ্যাদি ও শর্তসমূহের ভিত্তিতে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

### জলমহালের তালিকা

| ক্র.নং | জলমহালের নাম | জলমহালের অবস্থান/ ইউনিয়ন এর নাম | জলমহালের তফশিল | সরকারি মূল্য | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|---|
| ০১ | ছাগলকাটি ছিদারের কুড়া | রামজীবন | মৌজা- ভবানীপুর, জে. এল. নং-৭৭, খং নং- ০১, দাগ নং- ৬৬, জমি- ৯.২১ একর | ৫২,৫০০/- | ৫০০/- |
| ০২ | ভেটুর কুড়া | সোনারায় | মৌজা- বৈদ্যনাথ, জে. এল. নং-১৯, খং নং- ০১, দাগ নং- ১৪৪৪, জমি- ০.৮১ একর | ২৫,২০০/- | ৫০০/- |
| ০৩ | সোলাগাড়ী পুকুর | সোনারায় | মৌজা- ফতেখাঁ, জে. এল. নং-১৮, খং নং- ০১, দাগ নং- ৬৬১৩৮৪/১৩৮৫ জমি- ০.৮২ একর | ৩৫,৭০০/- | ৫০০/- |
| ০৪. | বাবুর দিঘি (শিবরাম) | সোনারায় | মৌজা- শিবরাম, জে. এল. নং-২০, খং নং- ০১, দাগ নং- ১৬৭৪, জমি- ০.৪৮ একর | ৩৭,৮০০/- | ৫০০/- |
| ০৫ | শান্তিরাম পুকুর | শান্তিরাম | মৌজা- শান্তিরাম, জে. এল. নং-৫৪, খং নং- ০১, দাগ নং- ১৯৭, জমি- ০.৭০ একর | ১,০০,৮০০/- | ৫০০/- |
| ০৬ | উত্তর মরুয়াদহ পুকুর | ছাপড়হাটী | মৌজা- উত্তরমরুয়াদহ, জে. এল. নং-৮২, খং নং- ০১, দাগ নং- ৪০০১, জমি- ২.১৪ একর | ১,০২,৭৬৯/- | ৫০০/- |
| ০৭ | মরা মানস বিল | শ্রীপুর | মৌজা- সমস, জে. এল. নং-১০২, খং নং- ০১, দাগ নং- ৫১৭০, ৫৫৩২, জমি- ৫.০৪ একর | ৩,৬৭৫/- | ৫০০/- |
| ০৮ | পাঁচবাড়ী পুকুর | তালুক রামভদ্র | মৌজা- তালুক রামভদ্র , জে. এল. নং-১৬, খং নং- ০১, দাগ নং- ১১৮২, জমি- ৫.০৪ একর | ১৫,৭৫০/- | ৫০০/- |
| ০৯ | গুঞ্জবাড়ী পুকুর | তালুক রামভদ্র | মৌজা- তালুক রামভদ্র , জে. এল. নং-১৬, খং নং- ০১, দাগ নং- ১১৯৫, জমি- ৫.০৪ একর | ১৫,৭৫০/- | ৫০০/- |

### জলমহাল ইজারা প্রদানের পদ্ধতি

| ক্রমিক নং | তারিখ | গৃহীত কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | ০১ মাঘ থেকে ১৫ মাঘের মধ্যে/ ১৫ জানুয়ারি থেকে ২৯ জানুয়ারির মধ্যে | অনলাইনে ইজারার আবেদন দাখিল। | |
| ০২ | ১৮ মাঘ হতে ২০ মাঘের মধ্যে/ ০১ ফেব্রুয়ারি থেকে ০৩ ফেব্রুয়ারি মধ্যে | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। | |
| ০৩ | ২২ মাঘ থেকে ২৮ মাঘের মধ্যে/ ০৫ ফেব্রুয়ারি থেকে ১১ ফেব্রুয়ারির মধ্যে | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। | |
| ০৪ | ২৯ মাঘ থেকে ০৫ ফাল্গুনের মধ্যে/ ১২ ফেব্রুয়ারি থেকে ১৮ ফেব্রুয়ারির মধ্যে | উপজেলা জলমহাল কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। | |
| ০৫ | ০৬ ফাল্গুন থেকে ২৬ ফাল্গুনের মধ্যে/ ১৯ ফেব্রুয়ারি থেকে ১১ মার্চের মধ্যে | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। | |
| ০৬ | ২৭ ফাল্গুন থেকে ০২ চৈত্রের মধ্যে/ ১২ মার্চ থেকে ১৬ মার্চের মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ। | |
| ০৭ | ০৩ চৈত্র থেকে ১৫ চৈত্রের মধ্যে/ ১৭ মার্চ থেকে ২৯ মার্চের মধ্যে | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে ইজারা চুক্তি সম্পাদন। | |
| ০৮ | ১ বৈশাখ/ ১৪ এপ্রিল | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। | |

০১. অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

০২. **আবেদনপত্র ফরম নির্ধারিত মূল্য ৫০০/-(পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) প্রদানপূর্বক ১১ জানুয়ারি থেকে ২৯ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ** পর্যন্ত অফিস চলাকালীন সময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সুন্দরগঞ্জ, গাইবান্ধা ও সহকারী কমিশনার (ভূমি), সুন্দরগঞ্জ, গাইবান্ধা এর কার্যালয় হতে সংগ্রহ করা যাবে।

০৩. **জামানতস্বরুপ উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা বরাবর উদ্ধৃত ইজারামূল্যের উপর ২০% অর্থ (ফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (যে কোনো তফসিলি ব্যাংক হতে) এর মাধ্যমে দাখিল করে এর মূল কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।**

০৪. স্থানীয় প্রকৃত নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন গুলোর মধ্যে যে সংগঠন/সমিতি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী, সে সকল প্রকৃত মৎস্যজীবী সংগঠনকে সংশ্লিষ্ট জলমহাল ইজারার ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে। তবে যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী মৎস্যজীবী সংগঠন হওয়া স্বত্বেও অন্যান্য শর্ত ভঙ্গ করেন তাহলে পর্যায়ক্রমে দ্বিতীয়/তৃতীয়/চতুর্থ নিকটবর্তী মৎস্যজীবী সংগঠন/সমিতিকে ইজারা প্রদান করা হবে।

০৫. অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদির প্রিন্ট কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে অর্ডারের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে সংশ্লিষ্ট জেলা/উপজেলায় দাখিল করতে হবে। সীলগালাকৃত খামের উপরিভাগে "আবেদনকৃত জলমহালের নাম" স্পষ্টভাবে বড় অক্ষরে লিখতে হবে এবং খামের বামপার্শ্বে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে।

০৬. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর সকল শর্ত এ বিজ্ঞপ্তির শর্ত হিসেবে প্রযোজ্য হবে।

০৭. জলমহালের তালিকা ওয়েবসাইটে (www.sundarganj.gaibandha.gov.bd, www.acl. sundarganj.gaibandha.gov.bd) অথবা সহকারী কমিশনার (ভূমি), সুন্দরগঞ্জ, গাইবান্ধা এর কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে। জলমহাল ইজারা সম্পর্কিত বিধি-বিধান ও অন্যান্য শর্তাবলী সহকারী কমিশনার (ভূমি), সুন্দরগঞ্জ, গাইবান্ধা এর কার্যালয় হইতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

০৮. উপরে উল্লেখিত জলমহালসমূহের বিষয়ে বিজ্ঞ আদালতের কোন নির্দেশনা থাকলে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি যাচাই-বাছাই সাপেক্ষে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**(বি.দ্রঃ ভূমি মন্ত্রণালয়ের সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এবং ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ শাখা এর ২৩-১১-২৫ খ্রি. তারিখের ৭০৪ নং স্মারকের প্রজ্ঞাপন অনুযায়ী সকল বিষয় নির্ধারিত।)**

০৫/০১/২৬
(ঈফফাত জাহান তুলি)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
সুন্দরগঞ্জ, গাইবান্ধা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
www.acl.gobindaganj.gaibandha.gov.bd

স্মারক নম্বর : ৩১.৫৫.৩২৯১.০০২.১৬.০০১.২৬. ১৭ (১০০)

তারিখ: ২১ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৫ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
২) জেলা প্রশাসক, গাইবান্ধা।
৩) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), গাইবান্ধা।
৪) অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা, গাইবান্ধা।
৫) .................................................................................................. অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।

CS CamScanner

৬) সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সুন্দরগঞ্জ, গাইবান্ধা। (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)

৭) চেয়ারম্যান, .................................. ইউনিয়ন পরিষদ (সকল), সুন্দরগঞ্জ, গাইবান্ধা। (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।)

৮) ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ................................................ (সকল), সুন্দরগঞ্জ, গাইবান্ধা। (নোটিশ বোর্ড ও মাইকিং এর মাধ্যমে বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো।)

৯) জনাব......................................................................., সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।

১০) সম্পাদক, ........................................। তাঁকে উক্ত বিজ্ঞপ্তিটি..............................পত্রিকায় এক দিনের জন্য সাশ্রয়ী আকারে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক এ কার্যালয়ে ০৩(তিন) কপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

১১) .........................................................................................................................।

১২) অফিস কপি।

(স্বাক্ষরিত) ০৫.০২.২৫

(চৌধুরী আল-মাহমুদ)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
সুন্দরগঞ্জ, গাইবান্ধা

CamScanner